

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮০৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

আরবী

ِعَنْ

صَخْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ عَن أَبِيه عَن جدِّه قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ مِنَ الْبَيَانِ سِحْرًا وَإِنَّ مِنَ الْعِلْمِ جَهْلًا وَإِنَّ مِنَ الشِّعْرِ حُكْمًا وَإِنَّ مِنَ الْقَوْلِ عِيَالًا» . رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৪৮০৪-[২২] সখর ইবনু 'আবদুল্লাহ ইবনু বুরয়দাহ্ (রহিমাহুল্লাহ) তাঁর পিতার মাধ্যমে তাঁর পিতামহ হতে বর্ণনা করেন, তিনি (বুরয়দাহ্) বলেনঃ আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কোন কোন বক্তৃতা যাদুবিশেষ (অর্থাৎ- যাদুর মতো সম্মোহনী শক্তি থাকে), কোন কোন বিদ্যা মূর্যতার নামান্তর, কোন কোন বাক্য কৌশলের ভিত্তির উপর প্রতিষ্ঠিত এবং কোন কোন কথা জীবনের জন্য দুর্ভোগের কারণ হয়ে দাঁড়ায়। (আবূ দাউদ)[1]

ফটনোট

[1] য'ঈফ : আবু দাউদ ৫০১২, য'ঈফুল জামি' ১৯৯১।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে "আবূ জা'ফার আন্ নাহবী 'আবদুল্লাহ ইবনু সাবিত" নামের বর্ণনাকারী মাজহূল। ইবনু হাজার আল 'আসকালানী এবং ইমাম যাহাবী (রহিমাহুল্লাহ) তাকে মাজহূল বলেছেন। জাওয়ামিউল কালিম। দেখুন- হিদায়াতুর্ রুওয়াত ৪/২৭১ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ مِنَ الْعِلْمِ جَهْلًا) এর উদ্দেশ্য :



- * অনর্থক কোন বিষয়ের জ্ঞান অর্জন করা যাতে কোন উপকার নেই। এ বিষয়ে জ্ঞান অর্জনের চেয়ে অজ্ঞতা উত্তম। যেমন : জ্যোতিষশাস্ত্র ইত্যাদি।
- * আল্লামা আযহারী (রহিমাহুল্লাহ) বলেনঃ 'ইলম অনুপাতে 'আমল না করা। আর 'আমল পরিত্যাগ করাটা জ্ঞানের অজ্ঞতা।
- * কতিপয় বিদ্বান না জানা বিষয়ে জানার ভান করবে। এটাই জ্ঞানের অজ্ঞতা।

(إِنَّ مِنَ الْقَوْلِ عِيَالًا) এর উদ্দেশ্য :

- * বক্তার কিছু কথা কখনো কখনো তার বিপদের কারণ হয়।
- * অস্থানে ও অপাত্রে কোন কথা বলা। (মিরক্বাতুল মাফাতীহ, 'আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৫০০৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সখর ইবনু 'আবদুল্লাহ ইবনু বুরয়দাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন